

৩৫

### ৬টি থানায় শিক্ষা কর্মকর্তা নেই-

নিজস্ব সংবাদদাতা : ভৈরব।- ভৈরব-সহ কিশোরগঞ্জ জেলার হাওর এলাকায় ৯টি থানার মধ্যে ৬টিতে জনা শিক্ষা কর্মকর্তা ও ৮টিতে সহকারী থানা শিক্ষা কর্মকর্তা নেই। এছাড়া, ৪৮ জন প্রধান শিক্ষক ও ৪১ জন সহকারী শিক্ষক নেই।

থানা শিক্ষা কর্মকর্তা নেই-নিকলী, ইটনা, অষ্টগ্রাম, মিঠামইন, কুলিয়ারচর ও ভৈরব থানায়। সহকারী থানা শিক্ষা কর্মকর্তা নেই-অষ্টগ্রাম, ইটনা, তাড়াইল, বাজিতপুর ও ভৈরব থানায় ১ জন করে এবং করিমগঞ্জ থানায় নেই ৩ জন। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষক নেই-ইটনা থানায় ১২ জন, করিমগঞ্জ থানায় ৭ জন, কুলিয়ারচরে ৭ জন, তাড়াইলে ৬ জন, ভৈরবে ৩ জন,

বাজিতপুরে ৪ জন ও অষ্টগ্রাম থানায় ১ জন। সহকারী শিক্ষক নেই বাজিতপুর থানায় ১২ জন, ইটনা থানায় ৬ জন, কটিয়াদীতে ৬ জন, অষ্টগ্রামে ৪ জন, মিঠামইনে ৪ জন, নিকলীতে ৪ জন, ভৈরবে ৪ জন ও কুলিয়ারচর থানায় ১ জন।

দীর্ঘদিন ধরে হাওর অঞ্চলের ন'টি থানায় প্রাথমিক শিক্ষা বিভাগ ও শিক্ষকের পদ খালি থাকায় সমগ্রিত থানা এলাকায় শিক্ষা কার্যক্রম বেশ বিঘ্নিত হচ্ছে।